

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯(পার্ট-১)-৪৬

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪২৬ ব.  
১৮ ফেব্রু., ২০২০ খ্রি.

বিষয় : বিগত ২০.০১.২০২০ খ্রি. তারিখে টিএমইডি-তে অনুষ্ঠিতব্য ত্রি-পক্ষীয় সভায় উত্থাপিত যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর বিভিন্ন অর্থ বছরের মোট ১০ টি অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার স্বাক্ষরিত কার্যবিবরণী (প্রমাণকসহ) প্রেরণ।

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯(পার্ট-১)-১১/১, তারিখ: ২০.০১.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব ০১ নং স্মারকের আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের সভাপতিত্বে গত ২০.০১.২০২০ খ্রি: তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়।

০২. উক্ত সভায় উপস্থাপিত যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর এর সর্বমোট ১০ টি অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত আপত্তিগুলোর মধ্যে ০৮ টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. এখানে উল্লেখ্য যে, কার্যবিবরণীর ক্রমিক নং-৮ এর (২০১০-২০১৩ অর্থ বছরের) অগ্রিম অনুচ্ছেদ-০১ এবং ক্রমিক নং-১০ এর (২০১৩-২০১৪ অর্থ বছরের) অগ্রিম অনুচ্ছেদ-০৪ এর বিষয়ে পরবর্তীতে টিএমইডি এর অনুমোদনের আলোকে বিএসআর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৪. ত্রি-পক্ষীয় সভার আলোচনা এবং সিদ্ধান্তের আলোকে সভার কার্যবিবরণী (সভায় উপস্থিত সকলের স্বাক্ষর গ্রহণপূর্বক) প্রস্তুত করা হয়েছে। সিদ্ধান্তের সমর্থনে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করা হয়েছে, বিধায় পরবর্তী কার্যক্রম তথা উক্ত আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের নিমিত্ত কার্যবিবরণী (সংযুক্ত প্রমাণকসহ) মহোদয় বরাবর প্রেরণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায়, উল্লেখিত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে স্বাক্ষরিত কার্যবিবরণী (প্রমাণকসহ) নির্দেশক্রমে মহোদয়ের বরাবর প্রেরণ করা হলো। সেসাথে ত্রি-পক্ষীয় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে আপত্তিগুলো নিষ্পত্তিক্রমে আগামি ১৫.০৩.২০২০ খ্রি: এর মধ্যে গৃহীত কার্যক্রমের তথ্যাদি টিএমইডিতে প্রেরণের জন্যও মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। কার্যবিবরণী -১৮ ফর্দ।  
২। প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্টস - ১১৯৫ ফর্দ।  
সর্বমোট = ১২১৩ ফর্দ।

৩৫

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক,  
শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর  
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা),  
সেগুনবাগিচা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯(পার্ট-১)-৪৬

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪২৬ ব.  
১৮ ফেব্রু., ২০২০ খ্রি.

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অধ্যক্ষ, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর।
৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫-৬. অফিস কপি/ মাষ্টার কপি।

১৮.০২.২০  
(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)